

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬২.১৮.০০৩.১৬- ২৭৯

তারিখ : ৩০ মে, ২০১৬

বিষয় : ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি সংক্রান্ত তথ্য প্রদানে সহায়তার জন্য হেল্পডেস্ক গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার কারিগরি শিক্ষার উপর অত্যন্ত গুরুত্বারোপ করেছেন। বর্তমানে কারিগরি শিক্ষার ক্ষেত্রে এনরোলমেন্টেন হার মাত্র ১৩%। আগামী ২০২০ সাল নাগাদ এ হার ২০% এ উন্নীত করার উদ্যোগ নেয়া হয়েছে। তারই অংশ হিসেবে পলিটেকনিক ইনস্টিটিউট/সমমানের প্রতিষ্ঠানে ১ম ও ২য় শিফটে এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহে ১ম শিফটে ছাত্র-ছাত্রী ভর্তি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর ফলে চলতি বছর বিভিন্ন টেকনোলজিতে অতিরিক্ত ২৬২২০ জন ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ পাবে।

ইতোমধ্যে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং ৩০/০৫/২০১৬ থেকে ১২/০৫/২০১৬ তারিখ পর্যন্ত অন-লাইনে আবেদন ফরম পূরণের কাজ চলবে। ১৮/০৬/২০১৬ তারিখে ফলাফল প্রকাশ করা হবে এবং ১৯/০৬/২০১৬ তারিখ থেকে ভর্তি কার্যক্রম শুরু হবে। এই ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য জনসাধারণকে অবহিত করণ ও সহায়তা প্রদানের লক্ষ্যে একটি হেল্পডেস্ক গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(ড.শেখ আবু রেজা)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও
সদস্য সচিব
ভর্তি পরিচালনা কমিটি-২০১৬

বিতরণঃ

১-৫০। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট/
বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, ঢাকা/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক
আর্টস, ঢাকা/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫১-১১৪। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ.....।